

রক্তাক্ত প্রান্তর

১. (ক) ঐতিহাসিক নাটক কাকে বলে? ঐতিহাসিক নাটক হিসেবে 'রক্তাক্ত প্রান্তর' নাটকের সার্থকতা বিচার করো। ১০

অথবা, (খ) 'রক্তাক্ত প্রান্তর' নাটক অবলম্বনে ইব্রাহিম কার্দির চরিত্র বিশ্লেষণ কর।

২. সংক্ষেপে উত্তর দাও: ৫

(ক) 'যে ফিরে যাবে, সে আমি হবো না। সে হবে বিশ্বাসঘাতক।'— কে, কাকে, কেন এ কথা বলেছিল?

অথবা, (খ) 'দিলীপ দুর্বৃত্ত হলেও রজারসের আধার'— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৩. সপ্রসঙ্গ ব্যাখ্যা করো: ৫

(ক) বীরপণায় তুমি মুসলিম শিবিরের রত্নস্বরূপ।

অথবা, (খ) মনের কথার ভাষা জনে জনে আলাদা।

জমীদার দর্পণ

১. (ক) 'জমীদার দর্পণ' নাটকে সমকালীন সমাজের যে চিত্র পাওয়া যায়, তার পরিচয় দাও। ১০

অথবা, (খ) 'জমীদার দর্পণ' নাটক অবলম্বনে আবু মোল্লার চরিত্র বিশ্লেষণ করো।

২. সংক্ষেপে উত্তর দাও: ৫

(ক) 'আপনি আমার বাপ। আমি আপনার মেয়ে।'— কে, কাকে, কেন একথা বলেছে?

অথবা, (খ) কৃষ্ণমণি কে? তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: ৫

(ক) নসীবের লিখন তুমি কি খণ্ডাতে পার?

অথবা, (খ) এরা টাকার লোভে দিনকে রাত করে এবং রাতকে দিন করে।

৪. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ: ২০

(ক) মানবকল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি;

(খ) বাংলাদেশের পর্যটন শিল্প;

- (গ) একুশ আমার অহংকার;
 (ঘ) বাংলাদেশের সামাজিক উৎসব;
 (ঙ) অধ্যবসায়।
৫. (ক) তোমার এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কথা জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখ। ১০
 অথবা, (খ) তোমার কলেজে নজরুল জয়ন্তী উদযাপন উপলক্ষে একটি নিমন্ত্রণ পত্র রচনা কর।
৬. (ক) “আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য” শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণ তৈরি কর। ১০
 অথবা, (খ) সম্প্রতি দেশে সড়ক দুর্ঘটনা বেড়ে যাওয়ার কারণ ও প্রতিকার সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।
৭. যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০
 (ক) “ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কারের নামই ব্যাকরণ।”— আলোচনা করো।
 (খ) অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা যায়? উদাহরণসহ লেখ।
 (গ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যেকোনো ছয়টি):
 তপোবন, অনতিবৃহৎ, পকেটমার, অল্পপ্রাণ, মন্দভাগ্য, নবপৃথিবী, বিপত্নীক, যৌবনসূর্য, দেশান্তর।
 (ঘ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যে কোনো ছয়টি)
 কারক, সম্রাট, নশ্বর, মৃন্ময়, নীলিমা, শৈশব, উক্তি, বিদ্যুৎ, পানতা।
 (ঙ) বিপরীতার্থক শব্দ লেখ (যেকোনো ছয়টি):
 অশন, অপচয়, ঐশ্বর্য, ঈষৎ, কৃষ্ণ, তাপ, তীব্র, মিত্র, বন্ধুর।
 (চ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ:
 নদী, মেঘ, অশ্ব, অগ্নি, রাত্রি।
 (ছ) নিচের যেকোনো ছয়টি শব্দের শুদ্ধরূপ লেখ:
 শান্তনা, সন্নাসী, তোরন, দৈন্যতা, সমিরন, প্রনয়ন, পানিনি, স্বরস্বতী, মনোপুত।
 (জ) বাংলা পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি)
 Legend, Embargo, Dialect, Civil-war, Cartoon, Biography, Global, File, Allotment.
৮. ভাব-সম্প্রসারণ করো: ১০
 (ক) স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।
 অথবা, (খ) দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।